



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. General Part-II Examination, 2019

বাংলা

তৃতীয় পত্র



সময়: ৩ ঘণ্টা

পূর্ণমান: ১০০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

- ১। “মনে পড়িতেছে, কোনো ইংরেজ কবি লিখিয়াছেন, মানুষেরা এক-একটি বিচ্ছিন্ন দ্বীপের মতো, পরস্পরের মধ্যে অপরিমেয় অশ্রলবণাক্ত সমুদ্র” — কার লেখা, কোন্ প্রবন্ধের অংশ? সেই ইংরেজ কবির নাম কী? প্রাবন্ধিকের আলোচনায় ‘ইংরেজ কবির’ এই মন্তব্যের প্রাসঙ্গিকতা কোথায়, তা বুঝিয়ে দাও। পরস্পর ‘বিচ্ছিন্ন দ্বীপের মতো’ মানুষের মধ্যে ‘অপরিমেয় অশ্রলবণাক্ত সমুদ্র’-এর তাৎপর্য কী?
অথবা
“স্বাভাৱ্যের অহমিকা থেকে মুক্তিদান করার শিক্ষাই আজকের দিনের প্রধান শিক্ষা।” — ‘স্বাভাৱ্যের অহমিকা’ বলতে কী বোঝানো হয়েছে? প্রাবন্ধিক মূলত যে শিক্ষার কথা বলতে চেয়েছেন, তার স্বরূপ আলোচনা করো।
- ২। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ
- (ক) পূর্ব-পশ্চিমের সেতুবন্ধনের কাজে পশ্চিম ভারতের কোন্ মনীষী নিজেকে নিয়োগ করেছিলেন? কীভাবে তিনি এই কাজ সম্পন্ন করেছিলেন? ৫×১ = ৫
- (খ) ‘দুঁছ কোলে দুঁছ কাঁদে বিচ্ছেদ ভাবিয়া’ — কবিতাংশটি কোন্ প্রবন্ধে ব্যবহৃত? এটি কোন্ পর্যায়ের পদ ও পদটির রচয়িতা কে? প্রাবন্ধিক পদটির মাধ্যমে কী বোঝাতে চেয়েছেন? ১+১+১
+২ = ৫
- (গ) ‘যাহা সহজেই মিষ্ট তাহাতে অতি শীঘ্র মনের আলস্য আনে, বেশিক্ষণ মনোযোগ থাকে না।’ — ‘সহজেই মিষ্ট’ বলতে কী বোঝানো হয়েছে? অতি শীঘ্র মনের আলস্য আনয়নের কারণ কী? ২+৩ = ৫
- ৩। ‘কপালকুণ্ডলা’ উপন্যাসের কাহিনী বর্ণনায় নিসর্গ-প্রকৃতির ভূমিকা কতখানি তা আলোচনা করো। ১৫
অথবা
‘কপালকুণ্ডলা’ উপন্যাসে নবকুমার চরিত্রটি বিশ্লেষণ করো। ১৫
- ৪। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫
- (ক) “যদি জানিতাম যে, স্ত্রীলোকের বিবাহ দাসীত্ব, তবে কদাপি বিবাহ করিতাম না।” — কে কোন্ প্রসঙ্গে এই উক্তি করেছে? তার এরূপ উক্তির কারণ কী? ৩+২ = ৫
- (খ) “আপনি সত্যই বলিয়াছিলেন! এ ফুল রাজ্যোদ্যানেও ফুটে না।” — কে, কাকে একথা বলেছে? কার সম্পর্কে? এই মন্তব্যের কারণ কী? ১+১+১
+২ = ৫

- ৫। ‘পল্লীসমাজ’ যেন চরিত্রে বহুবৈচিত্র্যের সমাহার। একদিকে মানসিক দৈন্য ও সংকীর্ণতা, হীনতা ও পরশ্রীকাতরতা, অন্যদিকে মানবিক ঔদার্য, প্রসার, আত্মত্যাগ ও স্নেহ-প্রেমের ফলুধারা — এই উভয়ধর্মী মানব চরিত্রের সমন্বয় কীভাবে এই উপন্যাসের স্থায়ী সম্পদ হয়েছে বুঝিয়ে দাও। ১৫

অথবা

- ‘পল্লীসমাজ’ উপন্যাসে ‘রমেশ’ চরিত্র নির্মাণে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কৃতিত্ব বিচার করো। ১৫

- ৬। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫

(ক) “ও ডালে ডালে বেড়ায় ত আমি পাতায় পাতায় ফিরি যে।” — কে, কাকে, কোন্ প্রসঙ্গে একথা ১+১+৩ = ৫ বলেছে ?

(খ) “হায় রে, এই আমাদের গর্বের ধন – বাঙলার শুদ্ধ, শাস্ত, ন্যায়নিষ্ঠ পল্লীসমাজ!” — কার উক্তি ? তার ১+৪ = ৫ এমন আক্ষেপোক্তির কারণ কী ?

- ৭। ট্রাজেডি হিসেবে ‘রাজা ও রাণী’ নাটকের সার্থকতা বিচার করো। ১৫

অথবা

- ‘রাজা ও রাণী’ নাটকে জনতা চরিত্রের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো এবং এ ধরনের চরিত্রের ৯+৬ = ১৫ নাট্যোপযোগিতা বিচার করো।

- ৮। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫

(ক) “ভুলেছি মহিমাশুবক, শিখেছি গাহিতে নারীর মহিমা।” — কথাটি কে কাকে কোন্ প্রসঙ্গে বলেছে ? ১+১+৩ = ৫

(খ) “বিষ্ণুচক্রে ছিন্ন মৃত সতীদেহ সম।” — কে, কোন্ প্রসঙ্গে এই উপমা দিয়েছেন ? উপমাটি বুঝিয়ে দাও। ৩+২ = ৫

- ৯। “মানিক বন্দ্যোপাধ্যায়ের ‘হারানের নাতজামাই’ গল্পটি গণজাগরণের এক সার্থক দলিল” — মন্তব্যটি আলোচনা করো। ১৫

অথবা

- একটি সহজ সরল গ্রাম্য কিশোরীর সাধারণ চাওয়া-পাওয়ার অসঙ্গতি ক্ষেপ্তি চরিত্রের পরিণামকে কীরূপ ১৫ মর্মস্পর্শী করে তুলেছে তা ‘পুঁইমাচা’ গল্পের উক্ত চরিত্রটি বিশ্লেষণ করে দেখাও।

- ১০। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫

(ক) “ব্রজরানীর মনে বাটালির আঘাতে কাটিয়া গড়া পাথরের মতো সে ছবি অঙ্কিত হইয়া আছে।” — প্রসঙ্গ নির্দেশ করে ‘ছবি’টির সংক্ষিপ্ত বর্ণনা দাও। ২+৩ = ৫

(খ) ‘চিঠিটি আমার পকেটে নেই, কিন্তু তার প্রতিটি লাইন যেন আমার চোখের সামনে ভাসতে লাগল।’ — কোন্ চিঠির কথা বলা হয়েছে ? বক্তার এরূপ প্রতিক্রিয়ার কারণ কী ? ২+৩ = ৫

—x—